দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 03 JUN 1988
পৃষ্ঠা 7 6

## মন্ত্রী দেখলেন কর্তারা নেই, যন্ত্রগুলোতে ধুলোর স্তর জমেছে

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গত বৃহস্পতিবার সকালে আকস্মিকভাবে ঢাকার সাত মসজিদ রোডস্থ সরকারী কমার্শিয়াল ইনস্টিটিউট পরিদর্শন করেন। পরিদর্শনকালে মন্ত্রী দেখতে পান যে ইনস্টিটিউটের অধ্যক্ষ, নিরাপত্তা অফিসার ও স্টোর অফিসার অফিস চলাকালীন সময়ে ইনস্টিটিউটে অনুপস্থিত। তিনি তাঁদের প্রতি কারণ দর্শাও নোটিশ জারি করার নির্দেশ প্রদান করেন। পরিদর্শনকালে মন্ত্রীকে জানান হয় যে, প্রায় ১৫ দিন পূর্বে ইনস্টিটিউটের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। তিনি অবিলম্বে বিদ্যুৎ সংযোগ পুনঃস্থাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে ব্যবস্থা করতে নির্দেশ প্রদান করেন। খবর তথ্য বিবরণী'র।

মন্ত্রী আরো দেখতে পান যে, ইনস্টিটিউটের অনেকগুলো টাইপরাইটার যা ছাত্রগণ টাইপ শিক্ষার জন্য ব্যবহার করে তা অব্যবহার্য হয়ে পড়ে আছে। এতদ্ব্যতীত শর্টহ্যান্ড ও ডিকটেশন গ্রহণ শিক্ষার জন্য প্রতিষ্ঠিত "ভাষা ল্যাবরেটরী" দীর্ঘদিন ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে এবং ঐগুলো ও ক্যালকুলেটর মেশিনগুলোর উপর ধুলার গভীর স্তর জমেছে। তিনি এ অবস্থা দেখে অসন্তোষ ব্যক্ত করেন। তিনি ইনস্টিটিউট চত্বরের অপরিচ্ছন্নতা দেখেও অসন্তোষ ব্যক্ত করেন। পরিদর্শনকালে মন্ত্রীকে জানানো হয় যে, এই ইনস্টিটিউটে কোন উচ্চ শিক্ষার সুযোগ নেই।

শিক্ষামন্ত্রী ইনস্টিটিউটের প্রচুর সম্ভাবনা সত্ত্বেও তা কেন সঠিকভাবে কাজ করছে না এবং এর সম্ভাব্য সমাধান কি হতে পারে, সে সম্পর্কে রিপোর্ট প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব নূরুল হকের নেতৃত্বে দু'সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনের নির্দেশ প্রদান করেন। কমিটি এক মাসের মধ্যে মন্ত্রণালয়ে এর রিপোর্ট পেশ করবেন।

এ ছাড়া শিক্ষামন্ত্রী ইনস্টিটিউটের উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি এবং কোর্স ও কারিকুলাম আধুনিকীকরণের বিষয়টি পরীক্ষা করে সুপারিশ প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য সাবেক উপাচার্য অধ্যাপক শামসুল হকের নেতৃত্বে অপর একটি কমিটি গঠনেরও নির্দ্রেশপ্রদানকরেন।